

তারিখ: ২৯/০৭/২০২১ খ্রি.

**২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি**

রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে। অত্রহী প্রার্থীকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সরকার কর্তৃক আরোপিত স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া গেল। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু শিক্ষার্থীরা অনলাইনে ফরমটি ডাউনলোড করে A-4 সাইজের অফসেট সাদা কাগজে ২কপি (শিক্ষার্থীর অংশ ও কলেজ অংশ) প্রিন্ট নিয়ে আপাততঃ নিজের কাছে সংরক্ষিত রাখবে তবে ফরমসহ কাগজপত্র জমার তারিখ ও প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- অনলাইনে জমাদানের জন্য মোবাইল ব্যাংকিং এ্যাকাউন্ট নম্বর শীঘ্রই নোটিশ বোর্ড ও কলেজের ওয়েবসাইট (www.rangamaticollege.gov.bd) মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

**১। আবেদনের যোগ্যতা:**

(ক) বাংলাদেশে স্বীকৃত যেকোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক গ্রুপ থেকে ২০১৭/২০১৮ সালের এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫ এবং ২০১৯/২০২০ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।

(খ) বাংলাদেশে স্বীকৃত যেকোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা গ্রুপ থেকে ২০১৭/২০১৮ সালের এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০ এবং ২০১৯/২০২০ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।

(গ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র এইচএসসি (ভোকেশনাল/বিএম/ডিপ্লোমা-ইন-কমার্স) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ১ এর খ নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

(ঘ) প্রার্থীদের উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পঠিত বিষয়সমূহ (গ্রেড পয়েন্ট ৩.০ থাকতে হবে) থেকে ভর্তিযোগ্য বিষয় নির্ধারণ করা হবে। অধিভুক্ত বিষয়সমূহ: বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, পদার্থবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান ও গণিত।

(ঙ) ২০১৭/২০১৮ সালের O-Level পরীক্ষায় ৩টি বিষয়ে “বি” গ্রেডসহ কমপক্ষে ৪টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৯/২০২০ সালের A-Level পরীক্ষায় ১টি বিষয়ে “বি” গ্রেডসহ কমপক্ষে ২টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

(চ) বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের ক্ষেত্রে বাংলাদেশে স্বীকৃত যেকোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত এসএসসি/এইচএসসি পাশের নম্বরপত্রের সমতা নিরূপণ করা হলে, তারাও অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

(ছ) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান/পাস) শ্রেণির নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তিকৃত কোন প্রার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল পূর্বক ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে।

**২। আবেদনের সময়সূচী:**

(ক) অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ/প্রিন্টকপি সংগ্রহ : ২৮/০৭/২০২১ হতে ১৪/০৮/২০২১ খ্রি.

(খ) প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুই শত পঞ্চাশ টাকা) অনলাইনে জমাদানের জন্য মোবাইল ব্যাংকিং এ্যাকাউন্ট নম্বর শীঘ্রই নোটিশ বোর্ড ও কলেজের ওয়েবসাইট (www.rangamaticollege.gov.bd) মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

**৩। প্রাথমিক আবেদন সম্পর্কিত করণীয়:**

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) প্রদর্শিত সকল তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

(খ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি (মাপ 120x150 pixels, Image Type: jpg এবং maximum file size: 50kb) Scan করে আপলোড করতে হবে।

(গ) ছবিসহ সকল সঠিক তথ্য এন্ট্রি করে Submit Application অপশন নির্বাচন করলে এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং ফরমটি ডাউনলোড করে A-4 সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নিতে হবে।


(ঘ) আবেদনকারীকে ফরমের নির্ধারিত স্থানে অবশ্যই নিজ স্বাক্ষর প্রদান পূর্বক শিক্ষার্থীর কপি সংরক্ষণ করতে হবে।

  
অধ্যক্ষ  
২৯/০৭/২০২১

রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

**বিতরণ:**

- ১। আস্থায়ক, ২০২০-২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ২। বিভাগীয় প্রধান, ..... (সকল বিভাগ), অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৩। হিসাব শাখা, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৪। সংরক্ষণ নথি।

  
২৯/০৭/২০২১